অধ্যক্ষের কার্যালয়,
হাটহাজারী সরকারি কলেজ, চট্টগ্রাম।

# বিজ্ঞপ্তি

তারিখ: ২৪/০৬/২০২১ খ্রি.।।

অত্র কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যেসব শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণ করেছে (নিয়মিত/অনিয়মিত) সেসব শিক্ষার্থীদের মহামারি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্মারক নং-(০-৫) জাতী:বি:/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৮৭ তারিখ-১৬/০৬/২০২১ (কপি সংযুক্ত) মূলে প্রকাশিত বিজ্ঞপ্তির বর্ণিত শর্ত সাপেক্ষে অঙ্গীকারনামা গ্রহণ পূর্বক ১ম বর্ষ থেকে ২য় বর্ষে উন্নীত ঘোষণা করা হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে যার যার বিভাগ/ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd হতে অঙ্গীকারনামা ডাউনলোড করে স্বহস্তে পূরণ পূর্বক আগামী ০৮/০৭/২০২১ তারিখের মধ্যে দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় শিক্ষকের নিকট জমাদানের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। ব্যর্থতায় ২য় বর্ষে উত্তীর্ণ সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**বিষয়টি অতীব জরুরী।**

বিস্তারিত জানার জন্য বিভাগীয় শিক্ষকদের নিকট যোগাযোগ করতে বলা হচ্ছে।

| বিভাগ | বিভাগীয় প্রধানের নাম | মোবাইল নং |
|---|---|---|
| হিসাববিজ্ঞান | জনাব মৌসুমী বিশ্বাস | ০১৮১৮১৩৯৬৯৬ |
| ব্যবস্থাপনা | জনাব মোহাম্মদ আলফাজ উদ্দীন | ০১৮১৩২৫৩৪৬২ |
| সমাজবিজ্ঞান | জনাব আবদুল্লাহ আল আহসান চৌধুরী | ০১৮১৯৩৫২৮৬৭ |
| অর্থনীতি | জনাব মুহাম্মদ ফয়জুল হক | ০১৮১৮২৪৪৯৭০ |
| রাষ্ট্রবিজ্ঞান | জনাব রাশেদা আকতার | ০১৮১৫৯৭১৯৯৬ |

24-06-2021
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
হাটহাজারী সরকারি কলেজ
হাটহাজারী, চট্টগ্রাম।

(গুল মোহাম্মদ)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
হাটহাজারী সরকারি কলেজ
হাটহাজারী, চট্টগ্রাম।

সংযুক্ত: জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি।

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক: (০-৫) জাতী:বি:/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৬৭ তারিখ: ১৬/০৬/২০২১

## ২০১৯-২০ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ২য় বর্ষে Promotion সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

২০১৯-২০ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী বিধীমোতাবেক ভর্তি ও রেজিস্ট্রেশন, অন-লাইনে কোর্স সম্পন্ন, ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহন এবং ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহনের জন্য আবেদন ফরম পূরণ করেছে সেসব শিক্ষার্থীদের মহামারি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিম্নলিখিত শর্তে ২য় বর্ষে উন্নতি ঘোষণা করা হবে। ২০১৮-১৯, ২০১৭-১৮ এবং ২০১৬-১৭ শিক্ষাবর্ষের যেসব অনিয়মিত শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহনের জন্য ফরম পূরণ করেছে তাদের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে। যেসব শিক্ষার্থী ২য় বর্ষে শর্তসাপেক্ষে উন্নীত হবে তাদের কলেজ ওয়ারি তালিকা অন-লাইনে স্ব-স্ব কলেজ লগইনে প্রেরণ করা হবে।

অনার্স ১ম বর্ষ থেকে অনার্স ২য় বর্ষে প্রমোশনের শর্তসমূহ:

ক) ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা অন-লাইন বা ফেস টু ফেস কোর্স সম্পন্ন করেছে।

খ) ১ম বর্ষের সকল ইনকোর্স পরীক্ষা সম্পন্ন করেছে এবং কলেজ কর্তৃক যাদের ইনকোর্স নম্বর বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহনের জন্য ফরম পূরণ করেছে।

ঘ) মহামারি কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। পরীক্ষা রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহন করে কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি পেতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (Promoted) হতে ব্যর্থ হলে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) বাতিল বলে গন্য হবে।

ঙ) সকল শিক্ষার্থী উল্লিখিত শর্ত মেনে নিয়ে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) গ্রহনে রাজি আছে এ মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকার নামায় (কপি সংযুক্ত) স্বাক্ষর করে হাতে হাতে বা স্ক্যান কপি ইমেইলে সংশ্লিষ্ট কলেজে জমা দেবে।

চ) সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষার্থীর অঙ্গীকারনামা জমা নিয়ে এই সাথে সংযুক্ত (কপি সংযুক্ত) প্রত্যয়ন পত্র পূরণ করে ডাকযোগ/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামি ১৪/০৭/২০২১ তারিখের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ১ম বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় প্রেরণ করবেন।

ছ) উপরে উল্লিখিত শর্ত সমুহ পূরণ করলে বিশ্ববিদ্যালয় হতে Conditional Promotion প্রাপ্ত পরীক্ষার্থীদের কলেজ ও বিষয় ওয়ারি তালিকা অন-লাইনে সংশ্লিষ্ট কলেজে প্রেরণ করা হবে।

জ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এবং সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে এ বিধান কার্যকর বলে গন্য হবে। এ বিধান শুধুমাত্র মহামারি কোভিড-১৯ এর কারনে বিশেষ ব্যবস্থা হিসেবে বিবেচিত হবে। এটি ভবিষ্যতে উদাহরন হিসেবে ব্যবহার করা যাবে না।

১৬/৬/২১
(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন: ০২-৯২৯১০১৭
ইমেইল: controller@nu.ac.bd

# জাতীয় বিশ্ববিদ্যালয়

## বাংলাদেশ

Website : www.nubd.info/honours

## অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে কোর্স সম্পন্ন শেষে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহনের জন্য আবেদন ফরম পূরণ করেছি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক আমি সকল শর্ত মেনে নিয়ে অনার্স ২য় বর্ষে শর্ত সাপেক্ষে প্রমোশন নিতে সম্মত আছি। আমি পরবর্তিতে বিশ্ববিদ্যালয় ঘোষিত সময়সূচী অনুযায়ী সকল পরীক্ষায় অংশগ্রহণ করবো এবং পরীক্ষা রেগুলেশন অনুযায়ী প্রমোটেড হতে ব্যর্থ হলে আমার শর্ত সাপেক্ষে প্রদত্ত প্রমোশন বাতিল হবে এবং তাতে আমার কোনো আপত্তি থাকবে না।

| | | |
|---|---|---|
| পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর ও তারিখ | ঃ | |
| পিতার নাম | ঃ | |
| মাতার নাম | ঃ | |
| রেজিস্ট্রেশন নং | ঃ | |
| কলেজ কোড | ঃ | |
| শিক্ষাবর্ষ | ঃ | |
| কলেজের নাম | ঃ | |